যায়যায়দিন

তারিখ ... 30 JUN 2009 ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৪ ...

# শিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় কমিটির বৈঠক অনুষ্ঠিত

যাযাদি রিপোর্ট

শিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি বেসরকারি শিক্ষকদের উৎসব ভাতা ১০০ ভাগ করাসহ সরকারি ও বেসরকারি শিক্ষকদের মধ্যকার বৈষম্য দূর করতে সুপারিশ করেছে। এছাড়া মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডকে আলাদা করার পরামর্শ দেয়া হয়েছে।

জাতীয় সংসদ ভবনে সোমবার সকালে অনুষ্ঠিত সংসদীয় স্থায়ী কমিটির বৈঠকে এ সুপারিশ করা হয়। কমিটির সভাপতি রাশেদ খান মেননের সভাপতিত্বে অনুষ্ঠিত বৈঠকে কমিটির সদস্য শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ, বীরেন শিকদার, হুইপ শেখ আবদুল ওহাব, মৌ. শাহ আলম, মু. জিয়াউর রহমান ও কাজী ফারুক কাদের এবং বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক নজরুল ইসলামসহ উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

বৈঠকে শিক্ষা বোর্ডকে আলাদা করার পাশাপাশি এনসিটিবিকেও আলাদা করার জন্য বলা হয়েছে। একই সঙ্গে আন্তঃবোর্ড বদলির বিধান চালুর কথা বলা হয়েছে। বৈঠকে বেসরকারি বিশ্ববিদ্যালয় নিয়ে আলোচনা হয়। যেখানে ৫০ জনের কম ছাত্র আছে এমন বেসরকারি বিশ্ববিদ্যালয়ের অনুমোদন বাতিল ও নতুন কোনো বিশ্ববিদ্যালয় অনুমোদন না দেয়ার জন্য বলা হয়েছে। এছাড়া সরকারি স্কুলের শিক্ষকরা যাতে তিন বছরের বেশি একই প্রতিষ্ঠানে না থাকে সে জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নিতে বলা হয়েছে।

বৈঠকে দেশের সাতটি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য পরিবর্তন করার জন্য আনীত পৃথক সাতটি বিল নিয়ে আলোচনা এবং এ বিষয়ে কমিটির সুপারিশ চূড়ান্ত করা হয়। এ বিলে প্রধানমন্ত্রীর পরিবর্তে রাষ্ট্রপতিকে উপাচার্যের দায়িত্ব হস্তান্তরের কথা বলা হয়েছে।

বৈঠক শেষে রাশেদ খান মেনন জানান, আগে বেসরকারি শিক্ষকরা ২৫ ভাগ উৎসব ভাতা পেতেন; এখন তা বাড়িয়ে ১০০ ভাগ করার পরামর্শ দেয়া হয়েছে।